**Mahmud Hasan Khan**
President

BGMEA

সার্কুলার নং- বিজিএ/এডমিন/২০২৫/২৬৬ 

১৩ নভেম্বর ২০২৫

**সম্মানিত সকল সদস্য**
বিজিএমইএ ।

## শীতার্তদের মাঝে সহায়তা প্রদান প্রসঙ্গে

**প্রিয় সহকর্মী,**

আস্‌সালামু আলাইকুম।

আপনারা নিশ্চয়ই অবগত আছেন যে, বাংলাদেশের অর্থনীতিতে তৈরী পোশাক শিল্প গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে।

দেশের উত্তরাঞ্চলসহ সমগ্রদেশে শীতের আগমন পরিলক্ষিত। দরিদ্র অসহায় মানুষজন ইতোমধ্যেই শীতের প্রকোপে আক্রান্ত। উত্তরবঙ্গে শীতের ভয়াবহতা এবং শৈত্যপ্রবাহ প্রকট হলে অসহায় দরিদ্র মানুষের ভোগান্তি বর্ণনাতীত আকার ধারণ করে। এই বিপর্যয়ে অসহায় মানুষের সাহায্যার্থে এগিয়ে আসা সর্ববৃহৎ রপ্তানিকারক খাত হিসেবে তৈরী পোশাক শিল্পের একটি সামাজিক দায়িত্ব। সামাজিক দায়িত্বের অংশ হিসাবে আপনাদের প্রদত্ত সাহায্য বিজিএমইএ থেকে দূর্গত মানুষের মাঝে বিতরণের ব্যবস্থা গ্রহণ করা হবে।

প্রতি বছরের ন্যায় বিজিএমইএ এবারও শীত মৌসুমে অসহায় শীতার্ত মানুষদের মাঝে শীতবস্ত্র বিতরণের উদ্যোগ গ্রহণ করেছে। আমরা বিশ্বাস করি, এই মহতী উদ্যোগে আপনারা পূর্বের ন্যায় অকৃত্রিমভাবে সাহায্যের হাত বাড়িয়ে দিবেন। বিজিএমইএ মানুষের কল্যাণে বিভিন্ন সময়ে বিভিন্ন ধরনের জনকল্যাণমূলক উদ্যোগ গ্রহণ করে থাকে।

এমতাবস্থায় শীতার্ত মানুষের কষ্ট নিবারনের কথা চিন্তা করে সম্মানিত পোশাক শিল্প মালিকদের নিজ নিজ সামর্থ্য অনুযায়ী নারী, পুরুষ এবং বাচ্চাদের শীতবস্ত্র, কম্বল এবং নগদ অর্থ সহায়তার জন্য বিজিএমইএ'র নিম্নোক্ত কর্মকর্তাদ্বয়ের সাথে যোগাযোগ করার জন্য বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি।

| প্রয়োজনীয় শীতবস্ত্র প্রদানের জন্য | আর্থিক অনুদান প্রদানের জন্য |
|---|---|
| জনাব মোঃ আবুল হোসেন<br>যুগ্ম সচিব (এসএসডি/সিএমসি শাখা)<br>মোবাইলঃ ০১৯১৩-৫২৯৯৩০ | জনাব সঞ্জীব প্রসাদ ঘোষ<br>সিনিয়র উপ-প্রধান হিসাবরক্ষক<br>মোবাইলঃ ০১৭৫৫-৬১৮৩০৮ |

আপনাদের প্রদত্ত অনুদান একাউন্ট পে-চেক/পে-অর্ডার/ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে নিম্নেবর্ণিত একাউন্টে জমা প্রদান করা যাবে।

**A/C Name : BGMEA Disaster Relief Account**
**A/C No. : 1017124226001 (Router No. : 120262531)**
Bank : IFIC Bank Ltd., Kawran Bazar Branch
Address : BTMC Bhaban, 7-9, Kawran Bazar, Dhaka-1215

এ ব্যাপারে সকলের আন্তরিক সহযোগিতা একান্তভাবে কামনা করছি।

ধন্যবাদান্তে,

**মাহমুদ হাসান খান**
সভাপতি